দৈনিক সংবাদ

তারিখ 15 DEC
পৃষ্ঠা ৭ কলাম ৭

16

## ঢাকা মেডিক্যাল কলেজ

# পরীক্ষা পেছানো নিয়ে দুই গ্রুপে সংঘর্ষ

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার সকালে ঢাকা মেডিক্যাল কলেজে পরীক্ষা পেছানোকে কেন্দ্র করে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষ হয়েছে। এ সময় অধ্যক্ষের অফিস ভাঙচুর ও ব্যাপক বোমাবাজিতে দু' ছাত্র আহত হয়েছে। তাদের কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তারা হলো বিষ্ণুপদ দে ও আবরার হোসেন।

সূত্র জানায়, চতুর্থ বর্ষের ফাইনাল পরীক্ষা পেছানোর দাবিতে একটি গ্রুপ দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছে। অন্য একটি গ্রুপ পরীক্ষা দেয়ার পক্ষে অনড় অবস্থান নিয়েছে। এ নিয়ে গত কিছুদিন ধরে কলেজ হোস্টেলে অবস্থানরত ছাত্রদের মধ্যে ঠাণ্ডা যুদ্ধ চলছিল। যারা পরীক্ষা দেয়ার পক্ষে তাদের রুমে গিয়ে প্রতিপক্ষ হুমকি দিত।

গতকাল ছিল ফরম পূরণের প্রথম দিন। আগামী জানুয়ারি মাসে পরীক্ষা হওয়ার কথা।

অধ্যক্ষ আ, ব, ম আহসান উল্লাহ পরীক্ষা পেছানোর দাবি না মেনে ফরম পূরণের নির্দেশ দেন। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র/ছাত্রীরা ফরম পূরণ করতে শুরু করে। এ সময় অপর গ্রুপ অধ্যক্ষের পদত্যাগ দাবি করে তার কার্যালয়ে হামলা চালায়। পরে দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে।

এ ব্যাপারে গতকাল সোমবার অধ্যক্ষ আহসান উল্লাহর সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়। সভায় অধ্যক্ষের কক্ষে হামলা ও ভাঙচুরের ঘটনা তদন্তে কমিটি গঠন করা হয়। তদন্ত রিপোর্ট শৃঙ্খলা পরিষদে পাঠানোর জন্য নির্দেশ দেয়া হয়েছে।